গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

বিষয় : "বিশ্ব বসতি দিবস ২০২২" উদযাপন উপলক্ষে "বিভাগীয় পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন সংক্রান্ত উপকমিটির সভার কার্যবিবরনী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোতাহার হোসেন, যুগ্মসচিব (প্রশাসন), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ | : | ৩০ আগস্ট, ২০২২ খ্রিঃ |
| সময় | : | দুপুর ২.৩০ ঘটিকা |
| স্থান | : | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | : | কমিটির সদস্যগণ Zoom Apps এর মাধ্যমে (ভার্চুয়াল) সভায় যুক্ত হন। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভায় উল্লেখ করেন যে, ১৯৮৬ সাল থেকে বাংলাদেশসহ বিশ্বের প্রতিটি দেশে অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব বসতি দিবস পালিত হয়ে আসছে। বিশ্ব বসতি দিবস ২০২২ এর প্রতিপাদ্য বিষয় **"Mind the gap, leave no one and place behind" বৈষম্য হ্রাসের অঙ্গীকার করি, সবার জন্য টেকসই নগর গড়ি।**

দিবসটি যথাযথভাবে উদযাপন উপলক্ষে বিভিন্ন সভা, সেমিনার, সিম্পোজিয়ামের মাধ্যমে গণসচেতনামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। সভাপতি আরো উল্লেখ করেন যে, বিশ্ব বসতি দিবসটি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিজস্ব অনুষ্ঠান। এ মন্ত্রণালয়ের আওতাভূক্ত সকল দপ্তর/সংস্থাকে প্রতিটি বিভাগীয়/ জেলা পর্যায়ে দিবসটি পালনের জন্য অগ্রনী ভূমিকা পালন করতে হবে। জনপ্রতিনিধি, জেলা প্রশাসন, বিভাগীয় প্রশাসন, গণপূর্ত বিভাগ, উন্নয়ন কর্তৃপক্ষ সবার সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় ও জাকজমকপূর্ণভাবে দিবসটি পালনের জন্য সকলের সহযোগীতা কামনা করেন।

বিশ্ব বসতি দিবস ২০২২ উদযাপন উপলক্ষে গত ০৪ আগস্ট ২০২২ তারিখে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ৫.৬ উপানুচ্ছেদে গঠিত "বিভাগীয় পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন সংক্রান্ত উপ কমিটি"র কার্যপরিধি উল্লেখ করা হয়েছে :

| | |
|---|---|
| (ক) | বিভাগীয় পর্যায়ে এবং জেলা পর্যায়ে দিবসটি উদযাপনের জন্য বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ; |
| (খ) | উন্নয়ন কর্তৃপক্ষসমূহকে বিভাগীয় কমিশনারগণের সাথে সমন্বয় রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য নির্দেশনা প্রদান; |
| (গ) | জেলা পর্যায়ে জেলা প্রশাসনের সাথে সমন্বয় রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশনা প্রদান। |
| (ঘ) | বিশ্ব বসতি দিবস উপলক্ষ্যে আগামী ০৩ সেপ্টেম্বর তারিখে জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানের ধারণকৃত সকল ছবি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এবং এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট গ্রুপ ও পেইজে আপলোড করার নির্দেশনা প্রদান। |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | জেলা ও বিভাগীয় পর্যায়ে বিশ্ব বসতি দিবস ২০২২ উদযাপন | (ক) ঢাকার বাহিরে বিভাগীয় পর্যায়ে সংশ্লিষ্ট উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তরসহ বিভাগীয় কমিশনারের সাথে সমন্বয় করে গণপূর্ত বিভাগ যথাযথভাবে বিশ্ব বসতি দিবস ২০২২ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (১) CDA, KDA, RDA<br><br>(2) Exen (all) |

| | | | |
|---|---|---|---|
| | | (খ) জেলা পর্যায়ে সংশ্লিষ্ট নিবার্হী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তরসহ জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিশ্ব বসতি দিবস উদযাপন করবেন। | |
| ২। | বিশ্ব বসতি দিবস ২০২২ উপলক্ষে অনুষ্ঠান আয়োজন | (ক) বিভাগীয় ও জেলা পর্যায়ে র‍্যালি ও প্রতিপাদ্য বিষয়র উপর আলোচনা সভা আয়োজন করতে হবে।<br>(খ) র‍্যালি ও আলোচনা সভায় স্থানীয় রিহ্যাব প্রতিনিধি/ ডেভেলপার কোম্পানীর প্রতিনিধি/ ইঞ্জিনিয়ার্স বা স্থাপত্য ইন্সটিটিউট এর প্রতিনিধি/স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।<br>(গ) র‍্যালি ও আলোচনা সভার ছবি/ভিডিও সংরক্ষণ করতে হবে এবং ওয়েবসাইটে ও গ্রুপে আপলোড করতে হবে। | (খ) CDA, KDA, RDA<br>(গ) Exen (all) |
| ৩। | বিবিধ | (ক) আগামী ০৩ অক্টোবর ২০২২ তারিখ বিশ্ববসতি দিবস ২০২২ বিভাগীয় ও জেলা পর্যায়ে যথাযথভাবে উদযাপনের জন্য বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সচিব মহোদয় স্বাক্ষরিত একটি ডিও মারফত অনুরোধ জানাতে হবে। | (ক) আহবায়ক/ সদস্য সচিব |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫.০৯.২০২২

(মোঃ মোতাহার হোসেন)
যুগ্মসচিব (প্রশাসন)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ও
আহবায়ক, বিভাগীয় পর্যায়ে বিশ্ব বসতি দিবস ২০২২
উদযাপন সংক্রান্ত উপকমিটি

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। বিভাগীয় কমিশনার, ..................।

০২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (সকল জেলার নির্বাহী প্রকৌশলীগণকে অবহিত করণের অনুরোধসহ)।

০৩। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।

০৪। জেলা প্রশাসক,................।

০৫। সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

০৬। জনাব মো: ফরিদুল ইসলাম, উপপ্রধান, পরিকল্পনা কোষ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।

০৭। জনাব মোঃ মাহমুদ হোসেন, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

০৮। জনাব মোঃ মাহবুবুর রহমান, উপসচিব (বাজেট শাখা-৪), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নম্বরঃ ২৫.০০.০০০০.০১৯.৩১.০১৬.১৯-৪৮৭

তারিখ: ৩০ ভাদ্র, ১৪২৯ খ্রিস্টাব্দ / ১৪ সেপ্টেম্বর, ২০২২ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। অফিস কপি/মাস্টার ফাইল।

১৪/০৯/২২

(পূরবী গোলদার)
সিনিয়র সহকারী সচিব